৫ দফা দাবি নিয়ে ঝিনাইদহে ফারিয়া’র মানববন্ধন

ঔষধ কোম্পানির প্রতিনিধিদের চাকরির সুনির্দিষ্ট নীতিমালাসহ পাঁচ দফা দাবিতে সোমবার ঝিনাইদহে মানববন্ধন করেছে বাংলাদেশ ফার্মাসিউটিক্যালস্ রিপ্রেজেন্টেটিভস্ এসোসিয়েশন ফারিয়া। সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ঘন্টা ব্যাপী জেলা শহরের অগ্নিবীণা সড়কে খোকা চেয়ারম্যান মার্কেটের সামনে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধন চলাকালে পাঁচ দফা দাবির যৌক্তিকতা তুলে ধরে বক্তব্য রাখেন, ঝিনাইদহ সদর উপজেলার সভাপতি মো: তরিকুল ইসলাম, সাধারণ সম্পাদক মো: এনামুল ইসলাম ও দপ্তর সম্পাদক মশিউর রহমানসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

মানববন্ধনে বক্তারা সরকারি নতুন বেতনস্কেল অনুযায়ী ৭ম গ্রেড সমপরিমাণ বেতন, মূল্যস্ফীতির সাথে সামঞ্জস্য রেখে টিএ/ডিএ ও অন্যান্য ভাতাদি প্রদান, চাকরির নিরাপত্তা ও নিশ্চয়তা বিধানসহ সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ণ, বাংলাদেশ ফার্মাসিউটিক্যালস্ রিপ্রেজেন্টেটিভস্ এসোসিয়েশনকে (ফারিয়া) সরকার কর্তৃক স্বীকৃতি ও সাপ্তাহিক ছুটিসহ সকল জাতীয় ছুটি ভোগের বিধানের দাবি জানিয়ে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন।

এসময় স্কয়ার ফার্মা লিঃ, বেক্সিমকো ফার্মা লিঃ, ইনসেপ্টা ফার্মা লিঃ, অপসোনিন ফার্মা লিঃ, ইবনেসিনা ফার্মা লিঃ, একমি ফার্মা লিঃ, এসিআই ফার্মা লিঃ, বায়ো ফার্মা লিঃ, অপসো স্যালাইন লিঃ, ফার্মাশিয়া ফার্মা লিঃ, কসমিক ফার্মা লিঃ, র্যাংস ফার্মা লিঃ সহ আরও অন্যান্য কোম্পানির প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

এছাড়াও সেখানে উপস্থিত ছিলেন, খুলনা ডিভিশন ফারিয়া’র সভাপতি মো: মিজানুর রহমান, সাংগঠনিক সম্পাদক মো: আনিসুর রহমানসহ অন্যান্য কেন্দ্রীয় নেতৃবৃন্দ।

[redacted]

[redacted]

কালীগঞ্জে সবজির ক্ষেত নষ্টের প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহের কালীগঞ্জে কৃষকের সবজি ক্ষেত নষ্টকারীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির ও ক্ষতিগ্রস্ত কৃষকের ক্ষতিপূরণের দাবিতে মানববন্ধন হয়েছে।

গত দুইমাসে কালীগঞ্জ উপজেলার বিভিন্ন এলাকায় কৃষকের ধরন্ত ও পাকা সবজির ক্ষেত নষ্ট করে দিচ্ছে দুর্বৃত্তরা। প্রায় ২০ জনের অধিক কৃষকের মরিচ, বেগুন, লাউ, কলাসহ বিভিন্ন ধরনের সবজির আবাদ নষ্ট হয়েছে।

এতে করে কৃষকের আনুমানিক ১৫ লক্ষাধিক টাকার ক্ষতি সাধন হয়েছে। সবজির ক্ষেত নষ্ট করা নিয়ে কালীগঞ্জ উপজেলার আইনশৃঙ্খলা সভায় উদ্বেগ প্রকাশ করা হয়। এবং মহল্লা ভিত্তিক পাহারার জন্য পরামর্শ দেওয়া হয়।

সোমবারের এই মানববন্ধনে উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজেলা কৃষক লীগের সভাপতি মো: আবুল কালাম আজাদ, প্রত্যাশা ফোরামের সভাপতি মো: নুরুজ্জামান ও সাধারণ সম্পাদক বশির আহমেদ চন্দন, কালীগঞ্জ কাচামাল হাটের নেতৃবৃন্দ সহ প্রত্যাশা ফোরামের সদস্যগণ ও চাষীরা। এই মানববন্ধনের আয়োজন করে “প্রত্যাশা ২০২১ ফোরাম।

মেহেরপুর জেলা বিএনপির প্রতিবাদ সমাবেশ

সম্প্রতি অনুষ্ঠিত পাবনা-৪, নওগাঁ-৬ ও ঢাকা-৫ জাতীয় সংসদ উপনির্বাচনে সরকার নিয়ন্ত্রিত কারচুপি ও সহিংসতা সহ আইন শৃংখলা বাহিনীর ভুমিকা আবারো প্রমাণ করেছে বর্তমান সরকারের অধীনে কোন নিরপেক্ষ নির্বাচন সম্ভব না।

আজ ১৯শে অক্টোবর মেহেরপুর জেলা বিএনপি’র কার্যালয়ে অনুষ্ঠিত

সমাবেশে মাসুদ অরুন এ কথা বলেন।

আমরা উপনির্বাচনের ফলাফল বাতিল সহ পূনরায় নির্বাচনের দাবীতে কর্মসুচীতে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন বলেন,জনগণের সংগ্রামের মধ্যে দিয়ে ফ্যাসিবাদী ও কালো টাকার মালিকদের আর্শিবার্দপুষ্ট জনবিচ্ছিন্ন এই সরকারের পতন ছাড়া নিরপেক্ষ ভোটের অধিকার প্রতিষ্ঠা হবে না।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় প্রতিবাদ সমাবেশে আরো বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, সহ-সভাপতি শেখ সাঈদ আহম্মেদ, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, মুজিবনগর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক বদরুদ্দিন বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুর রহিম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক (গাংনী) জুলফিকার আলী ভুট্টো, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক (মুজিবনগর) আঃ রশিদ, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাহাবুদ্দিন মোল্লা, গাংনী উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান আখের, জেলা মুক্তিযোদ্ধা দলের সাধারন সম্পাদক রায়হানুল কবির ও সাংগঠনিক সম্পাদক আঃ গনি, জেলা যুবদল সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা যুবদলের সাধারন সম্পাদক কাওছার আলী, জেলা স্বেচ্ছাসেবকদলের সভাপতি তোফায়েল আহমেদ, সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা তাঁতীদলের আহবায়ক আরজুল্লাহ মাস্টার বাবলু, জেলা মৎস্যজীবিদলের আহবায়ক শ্রী গুরুদাস হালদার, জেলা শ্রমিকদলের সভাপতি আহসান হাবীব সোনা, জেলা জাসাস এর সভাপতি মাহফুজুর রহমান অশেষ ও সাধারন সম্পাদক বাঁকাবিল্লাহ, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল আহসান ও সদস্য সচিব আনোয়ারুল হক, মুজিবনগর উপজেলা ছাত্রদলের আহবায়ক আকিব জাভেদ সেনজির ও সদস্য সচিব আফিরুল ইসলাম, সদর উপজেলা ছাত্রদলের আহবায়ক বখতিয়ার খালিদ বুলবুল ও সদস্য সচিব রাশিদুল ইসলাম রাজন, মুজিবনগর উপজেলা কৃষকদলের সভাপতি নারসরুদ্দিন মেম্বার ও সাধারন সম্পাদক আরমান আলী, তাতীদলের সাংগঠনিক সম্পাদক আশরাফুল আলম মন্টু,মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহবায়ক ফাহিম আহনাফ লিংকন ও সদস্য সচিব তানিম আহমেদ, পৌর ছাত্রদলের আহবায়ক তৌফিক এলাহী ও জার্জিস ইউসুফ রৌমিক প্রমুখ।

কৃষি ও শিক্ষার উন্নয়নে মডেল হবে আমাদের ইউনিয়ন- আবুল হাসেম

ইউনিয়ন পর্যায়ের নির্বাচনের আমেজ শুরু হয়েছে। বর্তমান চেয়ারম্যানসহ বিভিন্ন মনোনয়ন প্রত্যাশিরা ছুটছেন জনগণের কাছে। কেউ কেউ দলের উচ্চ পর্যায়েও দোড়ঝাঁপ শুরু করেছেন। স্থানীয় সরকার নির্বাচন নিয়ে মেহেরপুর প্রতিদিন এর এবারের আয়োজন ‘গ্রামীণ জনপদে ভোট’ শীর্ষক সাক্ষাতকার পর্ব। এ পর্বে মেহেরপুর প্রতিদিন এর মুখোমুখি হয়েছিলেন সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান মনোনয়ন প্রত্যাশী আবুল হাসেম।

সাক্ষাতকার গ্রহণ করেন আমাদের প্রধান প্রতিবেদক এম এফ রুপক। সাক্ষাতকারের চুম্বক অংশটি এখানে তুলে ধরা হলো।

মেহেরপুর প্রতিদিন: আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে কেন প্রার্থী হতে চান?

আবুল হাসেম: জনগণের সেবা করার জন্য জনপ্রতিনিধি হতে হয়। আমি ছাত্র থেকে আওয়ামী লীগের রাজনীতির সাথে জড়িত। ছাত্র রাজনীতি করেছি ১৯৭৫ এর পর থেকেই। আমি কোন পদ পাওয়ার লোভে রাজনীতি করিনি। আমি রাজনীতি করেছি বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানকে ভালোবেসে। উনার নীতি ও আদর্শকে বুকে ধারণ করে আসছি। সেই আদর্শের মধ্যে থেকে যতটুকু পেরেছি জনগণের সেবা করেছি। তাদের বিপদে আপদে পাশে থাকার চেষ্টা করেছি। আগামী ইউনিয়ন পরিষদে আমি আওয়ামী লীগ থেকে মনোনয়ন প্রত্যাশা করছি। চেয়ারম্যান হিসেবে জনগণের সেবা করতে চাই।

মেহেরপুর প্রতিদিন: দলিয় মনোনয়ন পাওয়ার ব্যাপারে কতটুকু আশাবাদী?

আবুল হাসেম: আমি যেহেতু ছোট থেকে রাজনীতি করে আসছি, জনগণের পাশে থেকে। আমার বিশ^◌াস বুড়িপোতাবাসীর ভালোবাসা ও তাদের সমর্থনে আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পাবো।

মেহেরপুর প্রতিদিন: মনোনয়ন না পেলে পুনরায় স¦তন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচন করার ইচ্ছিা আছে কিনা?

আবুল হাসেম: আওয়ামী লীগ একটি বৃহৎ সংগঠন। দীর্ঘদিন ধরে সুনামের সাথে সরকার পরিচালনা করছেন আমাদের প্রাণ প্রিয় নেত্রী শেখ হাসিনা। এই দলে একাধিক প্রার্থী থাকা স্বাভাবিক। আমার বিশ^◌াস সব দিক বিচার বিবেচনা করলে মনোনয়ন আমিই পাবো। তারপরও যদি না পাই তাহলে দলের সিদ্ধান্তের বাইরে আমি যাবো না। এলাকায় আমার ব্যাপক জনপ্রিয়তা আছে। তারপরও মনোয়ন না পেলে আমি নির্বাচনে দাঁড়াবো না। যে মনোনয়ন পাবে তার পক্ষে কাজ করে যাবো।

মেহেরপুর প্রতিদিন: আপনি দলীয় মনোনয়ন পেলে এবং অন্য কোন দল নির্বাচনে অংশ নিলে কেমন প্রতিদ্বন্দ্বিতা হবে বলে মনে করছেন?

আবুল হাসেম: দলমত নির্বিশেষে আমাকে ভোট দেবে। আগামী নির্বাচনে আমার বিরুদ্ধে যে প্রার্থীই দাঁড়াক না কেন, সে তার জামানত হারাবে।

মেহেরপুর প্রতিদিন: দলীয় মনোনয়ন পেয়ে আগামী নির্বাচনে জয়ী হলে কি কি করতে চান?

আবুল হাসেম: সর্ব প্রথম যেটা করবো, সেটা হলো আমাদের বুড়িপোতা ইউনিয়নে কৃষির ব্যাপক প্রসার ঘটাবো। সংশ্লিষ্ট দপ্তরে আমার তদবির থাকবে এটাই প্রথম। কারণ আমাদের ইউনিয়নে প্রতি বছর বন্যায় বেশ কিছু ফসল নষ্ট হয়। কোন কনো জমিতে বছরে একবার মাত্র ফসল হয়। আমার ইউনিয়নে যাতে করে একটি জমিতে বছরে তিনবার ফসল ফলানো যায় সে ব্যবস্থা করবো। অনেক এলাকায় রাস্তা ঘাটের কোন উন্নয়ন হয়নি। সেসব এলাকায় রাস্তা নির্মাণ করে দেবো।

বিশেষ করে আমাদের অবহেলিত নবিননগরের মানুষের ভাগ্য পরিবর্তনে কাজ করবো। সীমান্ত এলাকা হওয়ায় শিক্ষাখাতে আমরা পিছিয়ে আছি। আমার ইউনিয়নকে শতভাগ শিক্ষিত ইউনিয়ন হিসেবে গড়ে তুলবো। শিক্ষার্থী ঝরে পড়া রোধ করতে যা যা করতে হয় আমাদের মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি মহোদয়ের সহযোগীয় সে সব কাজ গুলো করবো।

আমর ইচ্ছা আছে আমার ইউনিয়নে একটি কোল্ডস্টোরেজ হবে। সেখানে কৃষকরা তাদের ফসল সংরক্ষণ করতে পারবে। ন্যায্য মূল্যে তারা বিক্রি করতে পারবে। সব মিলিয়ে আমাদের বুড়িপোতা ইউনিয়ন একটি মডেল

ইউনিয়ন হবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গ্রামকে শহরে রুপান্তর করার যে সপ্ন সেটা পূরণে সর্বাত্তোক চেষ্ট করবো।

চুয়াডাঙ্গা সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশী যুবক নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার ঠাকুরপুর সীমান্তে বিএসএফ গুলি করে ওমিদুল ইসলাম (২২) নামে এক যুবককে হত্যা করেছে। রবিবার (১৮ অক্টোবর) ভোররাত ৪টার দিকে ঠাকুরপুর সীমান্তের ৮৯ নম্বর মেইন পিলার বরাবর ভারতের অভ্যন্তরে এ ঘটনা ঘটে।

নিহত ওমিদুল ইসলাম দামুড়হুদা উপজেলার ঠাকুরপুর স্কুলপাড়ার শহিদুল ইসলামের ছেলে।

নিহতের পারিবারিক ও এলাকাবাসী সূত্রে জানা যায়, শনিবার গভীর রাতে ওমিদুলসহ ৬/৭ জন সীমান্তের ৮৯ নম্বর মেইন পিলারের কাছ দিয়ে ভারতের হুদাপাড়া গ্রামে প্রবেশ করে গরু কেনে। রবিবার ভোররাত ৪টার দিকে গরু নিয়ে বাংলাদেশে প্রবেশের সময় হুদাপাড়া বিএসএফ ক্যাম্পের টহলরত বিএসএফ সদস্যরা তাদের লক্ষ্য করে গুলি ছোড়ে।

এ সময় ওমিদুল গুলিবিদ্ধ হয়ে ঘটনাস্থলেই নিহত হয়। বাকিরা পালিয়ে যায়। রাতেই ঘটনাস্থল থেকে বিএসএফ সদস্যরা লাশ নিয়ে গেছে।

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান হাসানুল হক ইনু জানান, ভারত থেকে গরু কিনে নিয়ে আসার সময় বিএসএফ সদস্যরা তাকে গুলি চালিয়ে হত্যা করে।

মুন্সীপুর বিজিবি ক্যাম্পের নায়েক সুবেদার কাজী আজাদ জানান, লাশ ফেরত চেয়ে বিএসএফের কাছে চিঠি দেওয়া হবে।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি পরিচালক মোহাম্মদ খালেকুজ্জামান জানান, ঘটনার কড়া প্রতিবাদ ও নিহত বাংলাদেশি যুবকের মরদেহ ফেরত চেয়ে বিএসএফকে চিঠি দেওয়ার প্রস্তুতি চলছে।

কুষ্টিয়ায় ৩ বছরের শিশুকে ধর্ষণের চেষ্টা, অভিযুক্ত আটক

কুষ্টিয়ার দৌলতপুরে ৩ বছরের এক শিশুকে ধর্ষণ চেষ্টার অভিযোগ উঠেছে। এ ঘটনায় অভিযুক্ত হৃদয়কে (১৭) আটক করেছে পুলিশ। রবিবার সকাল ৯টার দিকে তাকে আটক করা হয়। উপজেলার প্রাগপুর ইউনিয়নের মহিষকুন্ডি পূর্বপাড়া গ্রামে এ ঘটনা ঘটেছে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, মহিষকুন্ডি পূর্বপাড়া গ্রামের তাহাজ্জত হোসেনের ছেলে হৃদয় শনিবার সকালে প্রতিবেশীর শিশু কন্যাকে কলা খেতে দেওয়ার কথা বলে কৌশলে নিজ বাড়িতে ডেকে নেয়। পরে সে শিশুটিকে ধর্ষণের চেষ্টা করে।

এ সময় শিশুটির চিৎকার ও কান্নাকাটি শুনে হৃদয় শিশুটিকে ছেড়ে দিয়ে পালিয়ে যায়। পরে বাড়ির লোকজন শিশুটিকে উদ্ধার করে। সেই সময় তার শরীরে কোন পোশাক ছিল না।

এ ঘটনায় শিশুটির পিতা দৌলতপুর থানায় অভিযোগ করলে পুলিশ হৃদয়কে আটক করে থানায় নেয়। এ ঘটনার বিষয়ে দৌলতপুর থানার ওসি (তদন্ত) শাহাদত হোসেন জানান, হৃদয় নামে এক কিশোর প্রতিবেশী শিশু কন্যাকে কলা খেতে দেওয়ার কথা বলে বাড়িতে ডেকে নিয়ে শ্লীলতাহানির চেষ্টা করার অভিযোগে হৃদয়কে আটক করা হয়েছে। এ ঘটনায় মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

আইন প্রয়োগ ও বাস্তবায়নে দক্ষতা অর্জন জরুরী: ইনু

জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদের সভাপতি হাসানুল হক ইনু এমপি

বলেছেন, ধর্ষকদের দমন করতে যে আইন করা হচ্ছে সেই আইনকে কার্যকরী করার জন্যে দক্ষতা অর্জন করা জরুরী, যাতে দ্রুততার সঙ্গে এই আইন বাস্তবায়ন করা যায়।

রোববার (১৮ অক্টোবর) দুপুর ১২টায় কুষ্টিয়া মিরপুর উপজেলার ছাতিয়ানে আব্দুর রাফেত বিশ্বাস কলেজের নব নির্মিত চার তলা একাডেমিক ভবনের উদ্বোধন অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি এসব কথা বলেন।

ইনু বলেন, এ মুহূর্তে সামাজিক অর্থনৈতিক ও রাজনৈতিক সমস্যা রয়েছে। রয়েছে সংঘবদ্ধ ধর্ষক বাহিনী, লুটপাট বাহিনী ও বাজার সিন্ডিকেট। এই বাজার সিন্ডিকেটকে দমন করার জন্যে স্থায়ী মনিটরিং ব্যবস্থা গড়ে তোলাসহ সামাজিক সচেতনতা গড়ে তোলা দরকার।

কলেজের অধ্যক্ষ আব্দুল মজিদের সভাপতিত্বে অনুষ্ঠিত ভবন উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- মিরপুর উপজেলা সহকারী ভূমি কমিশনার রকিবুল হাসান, কেন্দ্রীয় জাসদের সাংগঠনিক সম্পাদক আব্দুল আলীম স্বপন, নেতা মোহাম্মদ আব্দুল্লাহ, মিরপুর উপজেলা জাসদের সাধারণ সম্পাদক আহাম্মদ আলী, যুগ্ম-সাধারণ সম্পাদক কারশেদ আলমসহ কলেজের শিক্ষক/শিক্ষার্থীরা।

ঝিনাইদহে সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে বস্ত্র বিতরণ

ঝিনাইদহে বেসরকারি সমাজকল্যাণ সংগঠন আশ্রয় এর উদ্যোগে আর্থিকভাবে পিছিয়ে পড়া অর্ধশতাধিক সুবিধাবঞ্চিত পরিবারের শিশুদের মাঝে বস্ত্র বিতরণ করা হয়েছে।

গত শনিবার বিকালে ঝিনাইদ পৌর ইকোপার্কের এ আয়োজনে আশ্রয়ের সভাপতি শুভ কুমার বিশ্বাস এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

এছাড়াও অথিতি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ পৌরসভার মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, সাবেক অধ্যক্ষ

আমিনুর রহমান টুকু, সমাজসেবক সাজেদুর রহমান জোয়ার্দ্দার (ফেটু), পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম। তাছাড়াও সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক নেতৃবন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আর্থিকভাবে অস্বচ্ছল ৫১ জন সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে নতুন পোশাক বিতরণ করেন অতিথিবৃন্দ। নতুন পোশাক পেয়ে শিশুরা অত্যন্ত খুশী ও আনন্দ উপভোগ করে।
অতিথিবৃন্দ এরকম কার্যক্রম আগামীতে চলমান রাখার আহবান জানান।

ঝিনাইদহে যুবলীগের উদ্যোগে শেখ রাসেলের জন্মবার্ষিকী পালন

ঝিানইদহে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭তম জন্মবার্ষিকী পালন করা হয়েছে। রোববার বিকেলে আওয়ামী যুবলীগের আয়োজনে এ জন্মবার্ষিকী পালণ করা হয়।

এ উপলক্ষে র্যালী, আলোচনা সভা ও দোয়া মাহফিল অুনষ্ঠিত হয়েছে। যুবলীগ নেতাকর্মীরা শহরের ওয়াজির আলী স্কুল থেকে একটি আনন্দ র্যালী বের করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পোস্ট অফিস মোড়ে এসে এক আলোচনা সভায় মিলিত হয়।

সদর থানা যুবলীগের আহবায়ক শাহ্ মোহাম্মদ ইব্রাহীম খলিল রাজার সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর আওয়ামী লীগের সভাপতি জীবন কুমার বিশ্বাস, জেলা শ্রমিক লীগের সাবেক সভাপতি আক্কাস আলী, জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহমুদ জন,

যুগ্ম-আহবায়ক রাজু আহমেদ, যুবলীগ নেতা জাহাঙ্গির আলম, সদর থানা যুবলীগের যুগ্ম-আহবায়ক হারুনর রশিদ, পৌর যুবলীগের আহবায়ক কাজী জাহিদ হাসান দিপুল, যুগ্ম-আহবায়ক রাম সরকার, আব্দুল্লাহ আল মামুন। পরে সন্ধ্যায় শেখ রাসেলসহ বঙ্গবন্ধুর পরিবারের সকল

সদস্যদের জন্য দোয়া মোনাজাত করা হয়। এছাড়াও অনুষ্ঠানে আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।